# সবচেয়ে গুরুত্বপূর্ণ
# নিয়মাবলী ও শর্তাবলী

Version 1.48

HDFC BANK
We understand your world

## 1. ফি এবং চার্জ সমূহ

### A. ক্রেডিট কার্ডের জন্য কার্ডমেম্বারদের প্রদেয় ফি সমূহ

- বার্ষিক ফি
- পুনর্নবীকরণ ফি

এই ফি প্রত্যেক কার্ডমেম্বারের জন্য এবং বিভিন্ন অফারের জন্য ভিন্ন হতে পারে। এই সম্বন্ধে কার্ডমেম্বারকে ক্রেডিট কার্ডের জন্য আবেদন করার সময় সূচিত করা হবে। উপরোক্ত ফি যেভাবে প্রযোজ্য হবে সেইমতো কার্ড অ্যাকাউন্টে বিল করা হবে এবং যে মাসে এটি চার্জ করা হবে সেই মাসের কার্ডের স্টেটমেন্টে উল্লেখ করা হবে।

### B. নগদ অগ্রিমের ফি সমূহ

কার্ডমেম্বার জরুরি প্রয়োজনে কার্ডটি ব্যবহার করে দেশের বা বিদেশের এটিএম থেকে নগদ প্রাপ্ত করতে পারেন। প্রত্যাহার করা রাশির ওপর 2.5% (ন্যূনতম টা. 300/-) লেনদেনের ফি ধার্য করা হবে এবং পরবর্তী স্টেটমেন্টে কার্ডমেম্বারকে বিল করা হবে। লেনদেনের ফি এইচডিএফসি ব্যাঙ্কের নিজস্ব বিবেচনা অনুসারে পরিবর্তনসাপেক্ষ। সমস্ত নগদ অগ্রিমের জন্য প্রত্যাহারের তারিখ থেকে সম্পূর্ণ পরিশোধের তারিখ পর্যন্ত রিভলভিং ক্রেডিটের ওপর থাকা চার্জের সমপরিমাণ ফাইন্যান্স চার্জও ধার্য করা হবে (অনুগ্রহ করে মূল্য তালিকা দেখুন)। ফাইন্যান্স চার্জ এইচডিএফসি ব্যাঙ্কের নিজস্ব বিবেচনা অনুসারে পরিবর্তন সাপেক্ষ।

### C. চার্জ সমূহ

(i) চার্জ এবং ফি সমূহ, সময় সময় যেমন প্রযোজ্য হবে, এইচডিএফসি ব্যাঙ্কের কার্ডমেম্বারকে দেওয়া পরিষেবার জন্য বা কার্ডমেম্বারের কার্ড অ্যাকাউন্টের বকেয়া অর্থ পরিশোধ না করার জন্য কার্ডমেম্বার কর্তৃক প্রদেয় হবে।

(ii) এইচডিএফসি ব্যাঙ্ক তার যেমন উপযুক্ত মনে হবে সেইমতো, গ্রাহককে যথাযথভাবে সূচিত করে, যেকোনো চার্জ বা ফি সময় সময় পরিবর্তন করার বা নতুন কোনও চার্জ বা ফি চালু করার অধিকার সংরক্ষণ করে।

### D. সুদ বিহীন সময়কাল

সুদ বিহীন ক্রেডিটের সময়কাল নির্দিষ্ট ক্রেডিট কার্ডের জন্য প্রযোজ্য স্কিম এবং মার্চেন্ট কর্তৃক জমা করা দাবী অনুসারে 20 দিন থেকে 50 দিন হতে পারে (অনুগ্রহ করে মূল্য তালিকা দেখুন)। কিন্তু পূর্ববর্তী মাসের ব্যালেন্স সম্পূর্ণভাবে পরিশোধ করা না হলে বা কার্ডমেম্বার এটিএম থেকে নগদ অর্থ প্রাপ্ত করে থাকলে এটি প্রযোজ্য হবে না। উদাহরণস্বরূপ, এইচডিএফসি ব্যাঙ্ক ইন্টারন্যাশনাল প্ল্যাটিনাম প্লাস কার্ডের 50 দিন পর্যন্ত সুদ বিহীন ক্রেডিটের সময়কাল আছে। এর অর্থ হল যে গ্রাহকের বিলিং-এর তারিখ মাসের 4ঠা, তিনি 5ই এপ্রিল থেকে 4ঠা মে পর্যন্ত তার কার্ড ব্যবহার করে ব্যয় করতে পারেন, তার বিল 4ঠা মে তৈরি করা হবে এবং তার পেমেন্ট করার নির্দিষ্ট তারিখ হবে 24শে মে। তাই 14ই এপ্রিল করা কোনও কেনাকাটার জন্য ক্রেডিটের সময়কাল হবে 41 দিন, যেখানে 2রা মে তে করা কেনাকাটার জন্য ক্রেডিটের সময়কাল হবে 23 দিন। এই সময়কালের জন্য কোনও সুদ ধার্য করা হবে না শুধুমাত্র যদি পূর্বের সমস্ত বকেয়া সম্পূর্ণভাবে প্রদান করা হয়ে থাকে এবং আগের মাসগুলি থেকে কোনও অপরিশোধিত ব্যালেন্সের জের টানা না হয়ে থাকে।

## 2. সীমা

এইচডিএফসি ব্যাঙ্ক তার নিজস্ব বিবেচনা অনুসারে কার্ড সদস্যের ক্রেডিটের সীমা এবং নগদ প্রত্যাহারের সীমা নির্ধারণ করবে। (অ্যাড-অন কার্ডমেম্বারদের মধ্যে সেই একই সীমা ভাগ হবে)। এই সীমাগুলি সম্বন্ধে কার্ডমেম্বারকে কার্ড ডেলিভারি দেওয়ার সময় এবং মাসিক স্টেটমেন্টে সূচিত করা হবে। স্টেটমেন্ট তৈরি করার সময় উপলব্ধ ক্রেডিট সীমা মাসিক স্টেটমেন্টের অংশ হিসাবে জানানো হয়। এইচডিএফসি ব্যাঙ্ক নির্দিষ্ট সময় অন্তর কার্ডমেম্বারের অ্যাকাউন্ট পর্যালোচনা করবে এবং অভ্যন্তরীণ মানদণ্ড অনুসারে কার্ডমেম্বারের ক্রেডিট সীমা কমাতে পারে। এমন ক্ষেত্রে ব্যাঙ্ক অবিলম্বে এর কারণ সহ এই সম্বন্ধে এসএমএস / ই-মেলের মাধ্যমে সূচিত করবে এবং তারপরে লিখিতভাবে নিশ্চিত করবে। কার্ডমেম্বার তার ক্রেডিট সীমা বাড়াতে চাইলে ব্যাঙ্ককে লিখিতভাবে সূচিত করে এবং আয়ের ঘোষণা সহ আর্থিক নথিপত্র প্রদান করে সেটি করতে পারেন। ব্যাঙ্ক তার নিজস্ব বিবেচনা অনুসারে এবং প্রদান করা নতুন নথিপত্রের ভিত্তিতে কার্ড সদস্যের ক্রেডিটের সীমা বৃদ্ধি করতে পারে।

## 3. ফাইন্যান্স চার্জ সমূহ

- কার্ডমেম্বার যদি তার ব্যালেন্স সম্পূর্ণ পরিশোধ না করার সিদ্ধান্ত নেন তাহলে সমস্ত লেনদেনের ওপর লেনদেনের তারিখ থেকে এবং কার্ড সদস্যের নেওয়া সমস্ত নগদ অগ্রিমের ওপর সেগুলি সম্পূর্ণভাবে পরিশোধ না করা পর্যন্ত মাসিক শতকরা হারে ফাইন্যান্স চার্জ প্রদেয় হবে। ফাইন্যান্স চার্জ, যদি প্রদেয় হয়, তাহলে সেটা কার্ড সদস্যের অ্যাকাউন্ট থেকে কেটে নেওয়া হবে যতদিন না কার্ডের সমস্ত বকেয়া অর্থ সম্পূর্ণভাবে পরিশোধ করা হয়।
- নগদ অগ্রিমের ওপর ফাইন্যান্স চার্জ লেনদেনের তারিখ থেকে সম্পূর্ণভাবে পরিশোধ করা পর্যন্ত প্রযোজ্য হবে।
- যদি গ্রাহক কোনও বকেয়া রাশির জের টানেন বা নগদ অগ্রিম

নেন তাহলে গড় দৈনিক ব্যালেন্স পদ্ধতির মাধ্যমে গণনা করা ফাইন্যান্স চার্জ জের টানা ব্যালেন্স এবং নতুন বিলিং-এর ওপর প্রযোজ্য হবে।

- কোনও গ্রাহক যদি এইচডিএফসি ব্যাঙ্ক ক্রেডিট কার্ডের রিভলভিং ব্যালেন্স সুবিধা গ্রহণ করেন এবং সেই কারণে মাসিক বিলিং স্টেটমেন্টে প্রদর্শিত মোট বকেয়া রাশির থেকে কম পরিমাণ রাশি প্রদান করেন, তাহলে পুরো বকেয়া রাশির ওপর ফাইন্যান্স চার্জ প্রযোজ্য হবে এবং নতুন করা সমস্ত লেনদেনের ওপরেও ফাইন্যান্স চার্জ প্রযোজ্য হবে যতদিননা পূর্বের বকেয়া রাশি সম্পূর্ণভাবে পরিশোধ করা হচ্ছে।
- পেমেন্টের নির্দিষ্ট তারিখের মধ্যে ন্যূনতম বকেয়া রাশি (মিনিমাম অ্যামাউন্ট ডিউ) প্রদান করা না হলে বিলম্বে পেমেন্টের চার্জ সমূহ প্রযোজ্য হবে। বিলম্বে পেমেন্টের চার্জ এড়ানোর জন্য পেমেন্টের নির্দিষ্ট তারিখে বা তার আগে এইচডিএফসি ব্যাঙ্ক কার্ড অ্যাকাউন্টে প্রত্যাহার যোগ্য তহবিল জমা করতে হবে। নিম্নলিখিত রূপে বিলম্বে পেমেন্টের চার্জ প্রযোজ্য হবে :

| *স্টেটমেন্ট ব্যালেন্স* | *বিলম্বে পেমেন্টের চার্জ* |
|---|---|
| টা.100/--এর কম | - শূন্য |
| টা.100/- থেকে টা.500/- | - টা.100 |
| টা.501/- থেকে টা.5000/- | - টা. 400 |
| টা.5001/- থেকে টা.10000/- | - টা. 500 |
| টা.10001/-থেকে টা.20000/- | - টা. 500/- (টা. 700/- জানুয়ারি 1লা 2016 থেকে কার্যকর) |
| টা.20001/- এবং তার বেশি | - টা.700/- |

- সীমা অতিক্রম করার চার্জ ক্রেডিট সীমার অতিরিক্ত মোট বকেয়ার ওপর সীমার অতিরিক্ত রাশির 2.5% হারে প্রযোজ্য হয় যা ন্যূনতম টা.500/- সাপেক্ষ।

**নিম্নোক্ত উদাহরণটি বিভিন্ন চার্জ গণনা করার পদ্ধতি প্রদর্শন করে**

ধরে নিন যে আপনি আগের সমস্ত প্রদেয় অর্থরাশি সম্পূর্ণভাবে পরিশোধ করে দিয়েছেন এবং আপনার প্ল্যাটিনাম প্লাস কার্ড অ্যাকাউন্টে কোনও অর্থরাশি বকেয়া নেই। আপনার স্টেটমেন্টের তারিখ প্রতি মাসের 18ই। আপনি আপনার কার্ড অ্যাকাউন্টে নিম্নলিখিত লেনদেনগুলি করেছেন।

| তারিখ | লেনদেন | রাশি |
|---|---|---|
| 10 এপ্রিল | বাড়ির জিনিসপত্র কেনাকাটা | টা.15000/- |
| 15 এপ্রিল | জামাকাপড় ও অ্যাক্সেসরিজ কেনাকাটা | টা.5000/- |
| 18 এপ্রিল | স্টেটমেন্টের তারিখ | মোট প্রদেয় অর্থরাশি = টা.20000/- |
| | | ন্যূনতম প্রদেয় অর্থরাশি = টা.1000/- |
| 12 মে | কার্ড অ্যাকাউন্টে পেমেন্ট (এখানে বিলম্বে পেমেন্টের চার্জ প্রযোজ্য হবে) | টা.2000/-(জমা) |
| 14 মে | মুদিখানার জিনিসপত্র কেনাকাটা | টা.1000/- |
| 15 মে | কার্ড অ্যাকাউন্টে পেমেন্ট | টা.5000/- (জমা) |

18ই মে তারিখের স্টেটমেন্টে আপনার প্রদেয় মোট রাশিতে নিম্নলিখিত অংশগুলি প্রদর্শিত হবে :

গণনা করা সুদ = (বকেয়া রাশি x প্রতি মাসে 3.49% x 12 মাস x দিন সংখ্যা) / 365

বিলম্বে পেমেন্টের চার্জ = টা. 500/-

তাই,

a) টা.15000/--এর ওপর সুদ মাসিক 3.49% হারে 19 এপ্রিল থেকে 11মে (অর্থাৎ 23 দিনের জন্য) = টা. 395.85/-

টা.13000/--এর ওপর সুদ মাসিক 3.49% হারে 12মে থেকে 14মে (অর্থাৎ 3 দিনের জন্য) = টা. 44.75/-

টা.5000/--এর ওপর সুদ মাসিক 3.49% হারে 19 এপ্রিল থেকে 14মে (অর্থাৎ 26 দিনের জন্য) = টা. 149.16/-

টা.3000/--এর ওপর সুদ মাসিক 3.49% হারে 15মে থেকে 18মে (অর্থাৎ 4 দিনের জন্য) = টা. 13.77/-

টা.1000/--এর ওপর সুদ মাসিক 3.49% হারে14 মে থেকে 18মে (অর্থাৎ 5 দিনের জন্য) = টা. 5.74/-

তাই মোট সুদ টা. 609.27/-

b) বিলম্বে পেমেন্টের চার্জ = টা. 500/-

c) সুদ এবং অন্যান্য চার্জের ওপর পরিষেবা কর (সার্ভিস ট্যাক্স) @14%, স্বচ্ছ ভারত সেস @ 0.5%, এবং কৃষি কল্যাণ সেস @ 0.5% = টা. 166.39/-

d) মোট বকেয়া আসল রাশি = টা. 4000/-

(টা.1000/- নতুন ব্যয় করা + শেষ মাসের বিলিং-এর সময়কাল থেকে বকেয়া রাশি টা. 3000/-)

তাই মোট প্রদেয় রাশিথ (a) + (b) + (c) + (d) = টা. 5275.70/-

অনুগ্রহ করে মনে রাখবেন যে এইচডিএফসি ব্যাঙ্কের নিজস্ব বিবেচনা অনুসারে ফাইন্যান্স চার্জ এবং অন্যান্য চার্জ পরিবর্তিত হতে পারে।

এছাড়াও অনুগ্রহ করে মনে রাখবেন যে কার্ডমেম্বার যদি

অ্যাকাউন্টের ক্রেডিট সীমা অতিক্রম করেন তাহলে অ্যাকাউন্টের ওপর সীমা অতিক্রম করার চার্জ ধার্য করা হবে। নির্দিষ্ট ক্ষেত্রে যে সমস্ত চার্জগুলি ধার্য করা হতে পারে তার তালিকার জন্য অনুগ্রহ করে এই নথির শেষে দেওয়া মূল্য তালিকা দেখুন।

**4. বিলিং এবং স্টেটমেন্ট**

A. এইচডিএফসি ব্যাঙ্ক কার্ডমেম্বারকে একটি মাসিক স্টেটমেন্ট পাঠাবে যাতে শেষ স্টেটমেন্টের পর থেকে কার্ডমেম্বারের অ্যাকাউন্টে জমা করা পেমেন্ট এবং ডেবিট করা লেনদেন প্রদর্শন করা হবে । ব্যাঙ্ক প্রতি মাসে পূর্বনির্ধারিত তারিখে লেনদেনের একটি স্টেটমেন্ট ব্যাঙ্কের রেকর্ডে থাকা চিঠি পাঠানোর ঠিকানায় মেইল করবে। যদি বকেয়া রাশি টা. 200/- চেয়ে কম হয় এবং শেষ স্টেটমেন্টের পর থেকে বিলিং করার জন্য আর কোনও লেনদেন না থাকে, তাহলে কোনও স্টেটমেন্ট জারি করা হবে না।

B. এইচডিএফসি ব্যাঙ্ক ক্রেডিট কার্ড কার্ডমেম্বারকে রিভলভিং ক্রেডিটের সুবিধা প্রদান করে। কার্ডমেম্বার শুধুমাত্র স্টেটমেন্টে মুদ্রিত ন্যূনতম প্রদেয় রাশি প্রদান করতে পারেন। বকেয়া ব্যালেন্সের পরবর্তী স্টেটমেন্টে জের টানা যাবে। এছাড়াও কার্ডমেম্বার মোট প্রদেয় রাশি বা ন্যূনতম প্রদেয় রাশির থেকে বেশি যেকোনো আংশিক পরিমাণ রাশি প্রদান করতে পারেন। এই ধরনের পেমেন্ট পেমেন্ট করার নির্দিষ্ট তারিখের আগে করতে হবে। বিলম্বে পেমেন্টের চার্জ এড়ানোর জন্য পেমেন্টের নির্দিষ্ট তারিখে বা তার আগে এইচডিএফসি ব্যাঙ্ক কার্ড অ্যাকাউন্টে প্রত্যাহার যোগ্য তহবিল জমা করতে হবে। পেমেন্ট যাতে পেমেন্টের নির্দিষ্ট তারিখের আগে কার্ড অ্যাকাউন্টে প্রতিফলিত হয় সেজন্য কার্ডমেম্বারদের পেমেন্টের নির্দিষ্ট তারিখের অনেক আগে থেকে স্থানীয় চেক জমা করার পরামর্শ দেওয়া হয়। আগের স্টেটমেন্টের কোনও ন্যূনতম প্রদেয় অর্থরাশি প্রদান করা না হলে সেটি কার্ডমেম্বারের ক্রেডিট সীমার অতিরিক্ত বকেয়া সহ কার্ডমেম্বারের বর্তমান ন্যূনতম প্রদেয় রাশির সঙ্গে যোগ করা হবে ।

C. কার্ডের বকেয়ার জন্য করা পেমেন্টের প্রাপ্তিস্বীকার পরবর্তী স্টেটমেন্টে করা হবে।

D. কার্ডমেম্বারের কার্ডের বকেয়ার জন্য প্রাপ্ত পেমেন্ট থেকে সমস্ত ট্যাক্স, ফি এবং অন্যান্য চার্জ, সুদের চার্জ, নগদ অগ্রিম এবং কেনাকাটা সেই ক্রমে কেটে নেওয়া হবে।

E. কার্ড অ্যাকাউন্টের জন্য পেমেন্ট নিম্নলিখিত যেকোনো একটি পদ্ধতিতে করা যায় :

(i) কার্ডমেম্বারের যদি এইচডিএফসি অ্যাকাউন্ট থাকে তাহলে তিনি নেটব্যাঙ্কিং, এটিএম বা ফোনব্যাঙ্কিং ব্যবহার করে পেমেন্ট করতে পারেন।

(ii) কার্ডমেম্বারের যদি এইচডিএফসি অ্যাকাউন্ট থাকে তাহলে তিনি স্থায়ী নির্দেশ (স্ট্যান্ডিং ইন্সট্রাকশন) সুবিধা ব্যবহার করতে পারেন যাতে অর্থ পরিশোধ করার নির্দিষ্ট তারিখে কার্ডমেম্বারের এইচডিএফসি ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে তহবিল স্বয়ংক্রিয়ভাবে কার্ডমেম্বারের কার্ড অ্যাকাউন্টে ট্রান্সফার হয়ে যাবে।

(iii) এছাড়াও গ্রাহক অন্যান্য ব্যাঙ্কের অ্যাকাউন্ট থেকে এনইএফটি তহবিল ট্রান্সফার পদ্ধতি ব্যবহার করে পেমেন্ট করতে পারেন (IFSC কোড HDFC 0000128 ব্যবহার করুন) বা ভিসা মানি ট্রান্সফার সুবিধা ব্যবহার করতে পারেন।

(iv) কার্ডমেম্বারের কাছে যদি এইচডিএফসি ব্যাঙ্ক অ্যাকাউন্ট না থাকে তাহলে তিনি অন্যান্য ব্যাঙ্কের নেটব্যাঙ্কিং অ্যাকাউন্ট ব্যবহার করে বিল ডেস্ক সুবিধার মাধ্যমে পেমেন্ট করতে পারেন।

(v) এইচডিএফসি ব্যাঙ্কের শাখা এবং এটিএম-এ রাখা এইচডিএফসি ব্যাঙ্ক ক্রেডিট কার্ড ড্রপ বক্সে পেমেন্টের সাধনপত্র (চেক বা ড্রাফ্‌ট) ফেলে। চেক ড্রাফ্‌ট এইচডিএফসি ব্যাঙ্ক ক্রেডিট কার্ড নম্বর xxxx xxxx xxxx xxxx কে প্রদেয় রূপে তৈরি করতে হবে।

(vi) ব্যাঙ্কের শাখায় নগদে পেমেন্ট করার মাধ্যমে ।

F. বিলিং নিয়ে বিরোধ: স্টেটমেন্টের তারিখের থেকে 60 দিনের মধ্যে কার্ডমেম্বার এইচডিএফসি ব্যাঙ্ককে লিখিতভাবে অসংগতি সম্পর্কে না জানালে স্টেটমেন্টের সমস্ত বিষয়বস্তু সঠিক এবং সম্মত রূপে বিবেচিত হবে। এমন কোনও তথ্য প্রাপ্ত করলে এইচডিএফসি ব্যাঙ্ক তদন্ত করার জন্য সাময়িকভাবে চার্জটি প্রত্যাহার করতে পারে। পরে তদন্ত সম্পূর্ণ করার পরে যদি সেই ধরনের চার্জগুলির দায় কার্ডমেম্বারের অ্যাকাউন্টে বর্তায় তাহলে পরবর্তী স্টেটমেন্টে আনুষঙ্গিক উদ্ধারের অনুরোধের চার্জগুলি সহ চার্জটি পুনর্বহাল করা হবে। গ্রাহকের থেকে সর্বাধিক 60 দিন সময়কালের মধ্যে বিরোধ সম্পর্কে জানতে পারলে ব্যাঙ্ক যেখানে প্রযোজ্য এবং সদস্য ব্যাঙ্ক থেকে প্রাপ্ত প্রয়োজনীয় নথিপত্র ভিসা / মাস্টার কার্ড / ডাইনার্স ক্লাব ইত্যাদির মতো সংশ্লিষ্ট ফ্র্যাঞ্চাইসির নির্ধারিত নির্দেশাবলীর সাপেক্ষে প্রদান করবে।

G. যোগাযোগের বিবরণ: কার্ডমেম্বার কোনও প্রশ্ন থাকলে বা অভিযোগের প্রতিবিধানের জন্য এইচডিএফসি ব্যাঙ্ক ক্রেডিট কার্ডের সঙ্গে নিম্নলিখিত পদ্ধতিতে যোগাযোগ করতে পারেন :

- 24 ঘণ্টার গ্রাহক সেবা কল সেন্টার – এইনথির শেষে এবং মাসিক স্টেটমেন্টের বিপরীত পৃষ্ঠায় ফোন নম্বরের একটি বিস্তারিত তালিকা প্রদান করা হয়েছে।

- চিঠির মাধ্যমে – ম্যানেজার, এইচডিএফসি ব্যাঙ্ক কার্ডস ডিভিশন, পি.ও. বক্স 8654, তিরুভনমিয়ুর, পি.ও. চেন্নাই –600041।
- ইমেলের মাধ্যমে customerservices.cards@hdfcbank.com

**5. পরিশোধ না করা**

বকেয়া পরিশোধ না করা হলে কার্ডমেম্বারকে কার্ড অ্যাকাউন্টের বকেয়া রাশি মেটানোর জন্য সময় সময় ডাক, ফ্যাক্স, টেলিফোন, ই-মেল, এসএমএস মেসেজিং-এর মাধ্যমে মনে করিয়ে দেওয়া হবে এবং / অথবা মনে করানোর জন্য, ফলো আপ করার জন্য এবং প্রদেয় রাশি সংগ্রহ করার জন্য তৃতীয় পক্ষকে নিযুক্ত করা হবে। কোনও তৃতীয় পক্ষকে নিযুক্ত করা হলে তারা ঋণ সংগ্রহের আচরণবিধি সম্পূর্ণভাবে মেনে চলবেন।

**6. পূর্বস্বত্বের অধিকার**

ব্যাঙ্কের কাছে যেকোনো সময় কোনও বিজ্ঞপ্তি না দিয়ে ব্যাঙ্কের অ্যাকাউন্ট / জিম্মায় কার্ডমেম্বার এবং/বা অ্যাড অন কার্ডমেম্বারের নামে জমা থাকা অর্থ থেকে কার্ড অ্যাকাউন্টে বকেয়া থাকা অর্থ কেটে নেওয়ার পূর্বস্বত্ব এবং অধিকার থাকবে যদি ব্যাঙ্ক দাবী করা সত্ত্বেও নির্ধারিত সময়ের মধ্যে সেটি পরিশোধ করা না হয়।

**7. কার্ডের সদস্যতা সমাপ্তি / বাতিল করা**

A. কার্ডমেম্বার যেকোনো সময় এইচডিএফসি ব্যাঙ্ককে এই ঠিকানায় চিঠি এবং সেই সঙ্গে কোনাকুনি ভাবে কাটা কার্ড পাঠিয়ে কার্ডের সদস্যতা সমাপ্ত করতে পারেন: ''ম্যানেজার, এইচডিএফসি ব্যাঙ্ক ক্রেডিট কার্ডস, পি.ও. বক্স 8654, তিরুভনমিয়ুর, পি.ও., চেন্নাই-600041''। লিখিত অনুরোধের ভিত্তিতে অ্যাড-অন কার্ড সহ সমস্ত কার্ড বাতিল করা হবে। কেবলমাত্র কাটা কার্ড এবং কার্ড অ্যাকাউন্টে বকেয়া থাকা সমস্ত রাশির পেমেন্ট প্রাপ্ত করার পরেই সমাপ্তি কার্যকর হবে। হারাহারিভাবে কোনও বার্ষিক, যোগদানের বা পুনর্নবীকরণের ফি ফেরত দেওয়া হবে না।

B. ব্যাঙ্ক কার্ডের ব্যবহারের ক্ষেত্রে অদ্ভুত বা অস্বাভাবিক কোনও লেনদেনের ধারা লক্ষ্য করলে কার্ডের সেই লেনদেনের যথার্থতা যাচাই করার জন্য গ্রাহকের সঙ্গে রেকর্ডে থাকা গ্রাহকের নিবন্ধিত ফোন নম্বর ব্যবহার করে যোগাযোগের চেষ্টা করবে। ব্যাঙ্ক গ্রাহকের সঙ্গে যোগাযোগ করতে না পারলে ব্যাঙ্ক আর কোনও বিজ্ঞপ্তি না দিয়ে কার্ডটির ব্যবহার সীমিত / সমাপ্ত করতে পারে যদি ব্যাঙ্কের যুক্তিসঙ্গতভাবে মনে হয় যে কার্ড ধারকের স্বার্থে এবং/অথবা নিরাপত্তার কারণে সেটা করা প্রয়োজন।

কার্ডমেম্বার প্রদেয় অর্থ পরিশোধ না করলে অথবা প্রদত্ত ক্রেডিট সীমা অতিক্রম করলে এইচডিএফসি ব্যাঙ্ক ক্রেডিট কার্ডের সুবিধা মুলতুবি রাখতে পারে। চুক্তি শেষ হয়ে যাওয়ার পরে অথবা কার্ডের অ্যাকাউন্ট মুলতবি রাখা হলে ক্রেডিট কার্ড ব্যবহার করা উচিৎ নয়।

C. এই ধরনের পরিস্থিতিতে কার্ডমেম্বারকে অবশ্যই (আইনত আবশ্যক ডিফল্ট বা অন্য কোনও বিজ্ঞপ্তির সাপেক্ষে) অবিলম্বে অ্যাকাউন্টের মোট বকেয়া ব্যালেন্স এইচডিএফসি ব্যাঙ্ককে প্রদান করতে হবে। এর অন্তর্ভুক্ত থাকবে অ্যাকাউন্টে তখন পর্যন্ত চার্জ না করা সমস্ত লেনদেন এবং অন্যান্য রাশি সহ চুক্তির অধীনে এইচডিএফসি ব্যাঙ্ককে প্রদেয় সমস্ত রাশি। কার্ডমেম্বার এই সমস্ত প্রদেয় রাশি প্রদান না করা পর্যন্ত কার্ড বন্ধ রূপে বিবেচিত হবে না।

D. কার্ডমেম্বারের মৃত্যু বা অক্ষমতা, কার্ডমেম্বার কোনও কর্পোরেট সংস্থার ঋণ পরিশোধে অসামর্থ্যতা / অবলুপ্তি / দেউলিয়া বা বন্ধ হয়ে যাওয়ার ক্ষেত্রে কার্ডমেম্বারের জন্য এবং সেই সঙ্গে যেকোনো অ্যাড-অন কার্ডমেম্বারের জন্য জারি করা কার্ড স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে। এছাড়াও সরকার / নিয়ামক সংস্থা নির্দেশ দিলেও কার্ড অ্যাকাউন্ট মুলতুবি রাখা হবে। ক্ষেত্র মতে মৃত্যু, অক্ষমতা, ঋণ পরিশোধে অসামর্থ্যতা, দেউলিয়া, বন্ধ হয়ে যাওয়া বা সরকার / নিয়ামক সংস্থার নির্দেশের ক্ষেত্রে কার্ডের অ্যাকাউন্টে বকেয়া থাকা সমস্ত রাশি অবিলম্বে প্রদেয় হবে এবং কার্ডমেম্বারের সমস্ত বকেয়া রাশি অবিলম্বে পরিশোধ করার দায়কে ক্ষুণ্ণ না করে ব্যাঙ্কের বলবত প্রযোজ্য আইন অনুসারে সেটি পুনরুদ্ধার করার অধিকার থাকবে।

**8. কার্ড হারানো / চুরি / অপব্যবহার**

A. কোনও প্রধান বা অতিরিক্ত কার্ড হারিয়ে গেলে, খোয়া গেলে, চুরি হয়ে গেলে, বিকৃত হয়ে গেলে, বা নির্ধারিত সময়ের মধ্যে এসে না পৌঁছলে বা কার্ডমেম্বারের যদি মনে হয় যে ক্রেডিট কার্ডটি কার্ডমেম্বারের অনুমতি ছাড়া ব্যবহার করা হচ্ছে তাহলে কার্ডমেম্বারের অবিলম্বে 24-ঘণ্টার কল সেন্টারে সে সম্বন্ধে জানানো উচিৎ। একবার একটি কার্ড হারিয়ে যাওয়া সম্পর্কে সূচিত করা হলে কার্ডমেম্বার পরে সেটি খুঁজে পেলেও কোনও পরিস্থিতিতেই সেটি ব্যবহার করা উচিৎ নয়। যেহেতু অ্যাড-অন কার্ড প্রধান কার্ডের সঙ্গে দেওয়া একটি অতিরিক্ত সুবিধা তাই প্রধান কার্ড হারিয়ে যাওয়া সম্পর্কে সূচিত করা হলে অ্যাড-অন কার্ড অবৈধ বিবেচিত হবে। একই ভাবে অ্যাড-অন কার্ড হারিয়ে যাওয়া সম্পর্কে সূচিত করা হলে প্রধান কার্ডের অ্যাকাউন্ট এবং অন্যান্য অ্যাড-অন কার্ড অবৈধ হয়ে যাবে।

B. কার্ড হারিয়ে যাওয়া সম্পর্কে সূচিত করার আগে কার্ডের অ্যাকাউন্টে করা কোনও লেনদেনের জন্য ব্যাঙ্ক দায়ী বা দায়বদ্ধ থাকবে না, এবং সেটির জন্য কার্ডমেম্বার সম্পূর্ণভাবে দায়ী থাকবেন। ব্যাঙ্ক হারানো সম্পর্কে যথাযথ সূচনা প্রাপ্ত করার পরে কার্ডমেম্বারের পরবর্তী দায় শুন্য হবে। কার্ডের হারানো বা চুরি যাওয়া সম্পর্কে এইচডিএফসি

ব্যাঙ্ককে জানানোর সঙ্গে সঙ্গে কার্ডমেম্বারকে অবশ্যই কার্ডের যেকোনো হারানো বা চুরি সম্পর্কে পুলিশকে জানাতে হবে, একটি এফআইআর দায়ের করতে হবে এবং পুলিশের কাছে করা অভিযোগের প্রাপ্তিস্বীকার করা কপি প্রদান করতে হবে।

C. কোনও ব্যক্তি কার্ডমেম্বার বা কোনও অতিরিক্ত কার্ডমেম্বারের সম্মতি নিয়ে পিন বা কার্ড প্রাপ্ত করে কার্ডের অপব্যবহার করলে সমস্ত ক্ষতির জন্য কার্ডমেম্বার দায়ী থাকবেন।

D. কার্ডমেম্বার প্রতারণামূলক কাজ করলে সমস্ত ক্ষতির জন্য কার্ডমেম্বার দায়ী থাকবেন। যদি কার্ডমেম্বার উপযুক্ত সাবধানতা অবলম্বন না করে কাজ করেন তাহলে উদ্ভূত সমস্ত ক্ষতির জন্য কার্ডমেম্বার দায়ী থাকবেন।

E. এইচডিএফসি ব্যাঙ্ক কার্ডমেম্বার বা কোনও অতিরিক্ত কার্ডমেম্বারকে না জানিয়ে পুলিশ বা অন্যান্য কোনও সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে যেকোনো তথ্য দিতে পারে যা এইচডিএফসি ব্যাঙ্কের কোনও কার্ড বা পিন হারানো, চুরি বা অপব্যবহার সম্পর্কে প্রাসঙ্গিক বলে মনে হবে।

F. ক্রেডিট কার্ডে যেকোনো প্রতারণামূলক লেনদেনের ক্ষেত্রে উদ্ভূত দায় কভার করার জন্য কার্ডমেম্বার তার নিজস্ব বিবেচনার ভিত্তিতে একটি ঐচ্ছিক বীমা পণ্য নিতে পারেন। এই ধরনের বীমা কভারের বিস্তারিত বিবরণ এবং নিয়মাবলী ও শর্তাবলীর জন্য অনুগ্রহ করে আমাদের ব্যাঙ্কের প্রতিনিধির সঙ্গে যোগাযোগ করুন।

**9. রিওয়ার্ড পয়েন্টের বৈধতা**

রিওয়ার্ড পয়েন্ট অর্জন করার তারিখ থেকে মাত্র 2 বছরের জন্য বৈধ থাকবে, উদাহরণস্বরূপ :- আপনি যদি মে 2015তে রিওয়ার্ড পয়েন্ট প্রাপ্ত করেন তাহলে সেটির মেয়াদ মে 2017 তে শেষ হয়ে যাবে।

**10. অভিযোগ সেল**

কোনও বিরল ক্ষেত্রে যদি ব্যাঙ্কের থেকে সম্প্রতি প্রাপ্ত যোগাযোগ সম্পর্কে সন্তুষ্ট না হন তাহলে আপনি এখানে চিঠি পাঠাতে পারেন- ম্যানেজার, গ্রিভ্যান্স সেল, এইচডিএফসি ব্যাঙ্ক ক্রেডিট কার্ডস ডিভিশন, 8. ল্যাটিস ব্রিজ রোড, তিরুভনমিয়ুর, চেন্নাই - 600041, বা আমাদের সঙ্গে 044-23625600 নম্বরে সোমবার থেকে শুক্রবার সকাল 09.30 থেকে সন্ধ্যা 05.30 মধ্যে ফোনে যোগাযোগ করতে পারেন।

**11. তথ্য প্রকাশ**

কার্ডমেম্বার সম্মত হচ্ছেন যে বিদ্যমান ব্যবসায়িক রীতি অনুসারে ব্যাঙ্ক ক্রেডিট কার্ড(গুলি) সম্পর্কিত যেকোনো তথ্য গ্রাহককে কোনও সূচনা না দিয়ে সময় সময় যেকোনো ক্রেডিট ব্যুরোকে (বিদ্যমান বা ভবিষ্যত) জানাতে পারে। ক্রেডিট ইনফরমেশন ব্যুরো ইন্ডিয়া লিঃ(CIBIL) ভারত সরকার এবং ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের আর্থিক প্রণালীর কার্যক্ষমতা এবং স্থিতিশীলতা উন্নত করার জন্য একটি প্রয়াস। এই প্রয়াসে সামিল সমস্ত ব্যাঙ্ক এবং আর্থিক প্রতিষ্ঠানকে CIBIL / ক্রেডিট ব্যুরোগুলিকে গ্রাহকের ডাটা জানাতে হয় এবং এই তথ্য ক্রেডিট ইনফরমেশন কোম্পানিস রেগুলেশন আইন, 2005-এর শর্তানুসারে প্রদান করা হয়। এই বিষয়টি মনে রেখে আমরা কার্ডমেম্বারকে জানাতে চাই যে বকেয়ার বিজ্ঞপ্তি দেওয়া সত্ত্বেও পরিশোধের সময় অতিক্রান্ত হওয়ার পরে কার্ডের বকেয়া পরিশোধ না করা হলে, সেক্ষেত্রে ব্যাঙ্ক গ্রাহকের ক্রেডিট কার্ডের(গুলির) বকেয়া পরিশোধ না করা সংক্রান্ত যেকোনো তথ্য CIBIL এবং অন্য যেকোনো ক্রেডিট ব্যুরোর (বিদ্যমান এবং ভবিষ্যত) কাছে প্রকাশ করতে পারে। বকেয়া পরিশোধের সময় পেরিয়ে যাওয়া কার্ডের জন্য ব্যাঙ্ক পেমেন্ট প্রাপ্ত করলে পেমেন্টের তারিখ থেকে 60 দিনের মধ্যে CIBIL / অন্যান্য ক্রেডিট ব্যুরোয় আপডেট / রিফ্রেশ করা ডাটা প্রতিফলিত হবে। এছাড়াও আমরা কার্ডমেম্বারকে জানাতে চাই যে ব্যাঙ্ক তার নিজস্ব বিবেচনার ভিত্তিতে অভিযোগ সংক্রান্ত কথোপকথন বা পেমেন্ট-আদায় সংক্রান্ত কথোপকথন বা অন্য কোনও কথোপকথনের ক্ষেত্রে, ব্যাঙ্কের যেমন উপযুক্ত মনে হবে সেইমতো কার্ডমেম্বার এবং ব্যাঙ্কের প্রতিনিধির মধ্যে নির্দিষ্ট কথোপকথন রেকর্ড করবে। নির্বাচিত কিছু ধরনের ক্রেডিট কার্ডের ক্ষেত্রে কার্ডের ওপর বিনামূল্যে একটি বীমা কভার থাকে। পলিসির কভারেজ ক্রেডিট কার্ড চালু করার দিন থেকে শুরু হয়। আরও তথ্য এবং নিয়মাবলী ও শর্তাবলীর জন্য অনুগ্রহ করে ব্যবহারের নির্দেশিকা দেখুন।

নির্বাচিত কিছু ধরনের ক্রেডিট কার্ডের সঙ্গে প্রথম বছরে বিনামূল্যে ওয়ান অ্যাসিস্ট সদস্যতা প্রদান করা হয়। আপনার ক্রেডিট কার্ড ডেলিভারি করার পরে এক সপ্তাহের মধ্যে সদস্যতার নিবন্ধন করা হবে। আরও তথ্যের জন্য অনুগ্রহ করে ওয়েলকাম কিট দেখুন।

**12.আঞ্চলিক ভাষায় সবচেয়ে গুরুত্বপূর্ণ নিয়মাবলী ও শর্তাবলী**

আঞ্চলিক ভাষায় এমআইটিসি-র জন্য অনুগ্রহ করে www.hdfcbank.com পরিদর্শন করুন।

উপলব্ধ বিকল্প

1) হিন্দি 2) কন্নড় 3) মালয়ালম 4) তেলুগু 5) তামিল 6) বাংলা 7) মারাঠি 8) গুজরাটি 9) পাঞ্জাবি 10) ওড়িয়া 11) আসামি 12) উর্দু 13) সিন্ধি

# মূল্য তালিকা

| চার্জের বিবরণ | জেটপ্রিভিলেজ এইচডিএফসি ব্যাঙ্ক ডাইনার্স ক্লাব / রিগ্যালিয়া / বিজনেস রিগ্যালিয়া / ডক্টর্স রিগ্যালিয়া / ডাইনার্স ক্লাব প্রিমিয়াম / জেট প্রিভিলেজ ওয়ার্ল্ড / অল মাইলস / ডক্টর্স সুপিরিয়া | ডাইনার্স ক্লাব রিওয়ার্ডজ / টাইমস প্ল্যাটিনাম কার্ড / জেটপ্রিভিলেজ প্ল্যাটিনাম / সলিটেয়ার / প্ল্যাটিনাম এজ / মানিব্যাক / বিজনেস মানি ব্যাক / জেট প্রিভিলেজ টাইটেনিয়াম / টাইমস টাইটেনিয়াম কার্ড / টিচার্স প্ল্যাটিনাম / বিজনেস প্ল্যাটিনাম / স্ন্যাপডিল এইচডিএফসি ব্যাঙ্ক কার্ড |
|---|---|---|
| সুদ বিহীন সময়কাল | 50 দিন পর্যন্ত | 50 দিন পর্যন্ত |
| ন্যূনতম পরিশোধ রাশি | 5%, ন্যূনতম টা. 200/- | 5%, ন্যূনতম টা. 200/- |
| নগদ অগ্রিমের সীমা | ক্রেডিট সীমার 40% | ক্রেডিট সীমার 40% |
| বার্ষিক / পুনর্নবীকরণ ফি | রিগ্যালিয়া / বিজনেস রিগ্যালিয়া / ডক্টর্স রিগ্যালিয়া – টা. 2500/- টা. 2500/-<br>ডাইনার্স ক্লাব প্রিমিয়াম – টা. 2500/-<br>জেটপ্রিভিলেজ এইচডিএফসি ব্যাঙ্ক ওয়ার্ল্ড – টা. 2500/-<br>অলমাইলস / ডক্টর্স সুপিরিয়া – টা. 1000/-<br>জেটপ্রিভিলেজ এইচডিএফসি ব্যাঙ্ক ডাইনার্স ক্লাব – টা. 1000 /- টা. 5000/- | ডাইনার্স ক্লাব রিওয়ার্ডজ – টা. 1000/-<br>জেটপ্রিভিলেজ এইচডিএফসি ব্যাঙ্ক প্ল্যাটিনাম / টাইমস প্ল্যাটিনাম কার্ড – টা. 1000/-<br>সলিটেয়ার / প্ল্যাটিনাম এজ / মানিব্যাক / জেটপ্রিভিলেজ এইচডিএফসি ব্যাঙ্ক টাইটেনিয়াম – টা. 500/-<br>টাইমস টাইটেনিয়াম কার্ড / টিচার্স প্ল্যাটিনাম / বিজনেস মানি ব্যাক /<br>স্ন্যাপডিল এইচডিএফসি ব্যাঙ্ক কার্ড – টা. 500/-<br>বিজনেস প্ল্যাটিনাম – টা. 299/- |
| বার্ষিক চার্জের অব্যাহতির জন্য ব্যয়ের শর্ত<br>নীচের লেনদেনগুলি ব্যতীত<br>• ক্যাশ অন কল<br>• ব্যালেন্স ট্রান্সফার<br>• নগদ প্রত্যাহার | **বিজনেস প্ল্যাটিনাম**<br>কার্ড তৈরি করার তারিখ থেকে প্রথম 90 দিনের মধ্যে টা. 5,000/- খরচ করুন এবং 1ম বছরের সদস্যতা ফি প্রত্যাহার করা হবে।<br>এক বছরে টা. 30,000/- খরচ করুন এবং পরের বছরের বার্ষিক সদস্যতা ফি থেকে অব্যাহতি পান।<br>**সলিটেয়ার / টাইটেনিয়াম এজ / প্ল্যাটিনাম এজ / মানিব্যাক / বিজনেস মানি ব্যাক**<br>কার্ড তৈরি করার তারিখ থেকে প্রথম 90 দিনের মধ্যে টা. 10,000/- খরচ করুন এবং 1ম বছরের সদস্যতা ফি প্রত্যাহার করা হবে।<br>এক বছরে টা. 50,000/- খরচ করুন এবং পরের বছরের বার্ষিক সদস্যতা ফি থেকে অব্যাহতি পান।<br>**অলমাইলস / ডক্টর্স সুপিরিয়া / ডাইনার্স ক্লাব রিওয়ার্ডজ**<br>কার্ড তৈরি করার তারিখ থেকে প্রথম 90 দিনের মধ্যে টা. 15,000/- খরচ করুন এবং 1ম বছরের সদস্যতা ফি প্রত্যাহার করা হবে।<br>এক বছরে টা. 1,00,000/- খরচ করুন এবং পরের বছরের বার্ষিক সদস্যতা ফি থেকে অব্যাহতি পান।<br>**রিগ্যালিয়া / বিজনেস রিগ্যালিয়া / ডক্টর্স রিগ্যালিয়া / ডাইনার্স ক্লাব প্রিমিয়াম**<br>কার্ড তৈরি করার তারিখ থেকে প্রথম 90 দিনের মধ্যে টা. 40,000/- খরচ করুন এবং 1ম বছরের সদস্যতা ফি প্রত্যাহার করা হবে।<br>এক বছরে টা. 3,00,000/- খরচ করুন এবং পরের বছরের বার্ষিক সদস্যতা ফি থেকে অব্যাহতি পান।<br>**জেট প্রিভিলেজ এইচডিএফসি ব্যাঙ্ক টাইটেনিয়াম / টাইমস টাইটেনিয়াম কার্ড / স্ন্যাপডিল এইচডিএফসি ব্যাঙ্ক কার্ড**<br>এক বছরে টা. 1,50,000/- খরচ করুন এবং পরের বছরের বার্ষিক সদস্যতা ফি থেকে অব্যাহতি পান।<br>**জেট প্রিভিলেজ এইচডিএফসি ব্যাঙ্ক প্ল্যাটিনাম / টাইমস প্ল্যাটিনাম কার্ড**<br>এক বছরে টা. 2,50,000/- খরচ করুন এবং পরের বছরের বার্ষিক সদস্যতা ফি থেকে অব্যাহতি পান।<br>**জেটপ্রিভিলেজ এইচডিএফসি ব্যাঙ্ক ওয়ার্ল্ড**<br>এক বছরে টা. 3,00,000/- খরচ করুন এবং পরের বছরের বার্ষিক সদস্যতা ফি থেকে অব্যাহতি পান।<br>**টিচার্স প্ল্যাটিনাম**<br>কার্ড তৈরি করার তারিখ থেকে প্রথম 90 দিনের মধ্যে টা. 10,000/- খরচ করুন এবং 1ম বছরের সদস্যতা ফি প্রত্যাহার করা হবে।<br>এক বছরে টা. 30,000/- খরচ করুন এবং পরের বছরের বার্ষিক সদস্যতা ফি থেকে অব্যাহতি পান। | |
| অতিরিক্ত কার্ড ফি | আজীবন বিনামূল্যে (3টি অ্যাড-অন কার্ড পর্যন্ত) | |
| রিভলভিং ক্রেডিটের ওপর চার্জ | জেটপ্রিভিলেজ এইচডিএফসি ব্যাঙ্ক ডাইনার্স ক্লাব / ডাইনার্স ব্ল্যাক /'ইনফিনিয়া – প্রতি মাসে 1.99% অর্থাৎ বার্ষিক 23.88%<br>জেট ওয়ার্ল্ড– প্রতি মাসে 1.99% অর্থাৎ বার্ষিক 23.88% (প্রতি মাসে 3.49% অর্থাৎ বার্ষিক 41.88% জানু'17 থেকে)<br>রিগ্যালিয়া / বিজনেস রিগ্যালিয়া / ডক্টর্স রিগ্যালিয়া / বিজনেস রিগ্যালিয়া ফার্স্ট– প্রতি মাসে 2.95% অর্থাৎ বার্ষিক 35.4%<br>রিগ্যালিয়া ফার্স্ট– প্রতি মাসে 2.95% অর্থাৎ বার্ষিক 35.4% (প্রতি মাসে 3.49% অর্থাৎ বার্ষিক 41.88% জানু'17 থেকে)<br>অন্যান্য – কার্ড জারি করার সময় প্রারম্ভিক সুদের হার 3.40% প্রতি মাসে অর্থাৎ 40.8% বার্ষিক। (প্রতি মাসে 3.49% অর্থাৎ বার্ষিক 41.88% জানু'17 থেকে)<br>এটি ব্যয়, পেব্যাক এবং ব্যবহারের ধরনের ওপর নির্ভর করে নির্দিষ্ট সময় অন্তর পরিবর্তন হতে পারে। পরিশোধে অক্ষমতার ক্ষেত্রে সর্বাধিক সুদের হার হবে 3.5% প্রতি মাসে অর্থাৎ 42% বার্ষিক।<br>ফিক্সড ডিপোজিটের বিপরীতে জারি করা কার্ড – 1.99% প্রতি মাসে (23.88% বার্ষিক) লেনদেনের তারিখ থেকে প্রযোজ্য। | |
| নগদ অগ্রিমের চার্জ | প্রত্যাহার করা রাশির 2.5% বা টা. 300/- এর মধ্যে যেটি বেশি হবে | প্রত্যাহার করা রাশির 2.5% বা টা. 300/- এর মধ্যে যেটি বেশি হবে |
| বিলম্বে পেমেন্টের চার্জ<br>(ক্রেডিট কার্ডের বিলের মূল অর্থরাশি) | স্টেটমেন্ট ব্যালেন্স<br>টা. 100/- থেকে কম<br>টা. 100/- থেকে টা. 500/-<br>টা. 501/- থেকে টা. 5,000/-<br>টা. 5,001/- থেকে টা. 10,000/-<br>টা. 10,001/- থেকে টা. 20,000/-<br>টা. 20,001/- এবং তার বেশি | বিলম্বে পেমেন্টের চার্জ<br>শূন্য<br>টা. 100/-<br>টা. 400/-<br>টা. 500/-<br>টা. 500/- (টা. 700/- 1লা জানুয়ারি 2016 থেকে কার্যকর)<br>টা. 700/- |
| অ্যাকাউন্টের সীমা অতিক্রম করার চার্জ | সীমার অতিরিক্ত রাশির 2.5%, ন্যূনতম টা. 500/- সাপেক্ষ | সীমার অতিরিক্ত রাশির 2.5%, ন্যূনতম টা. 500/- সাপেক্ষ |
| পেমেন্ট ফেরতের চার্জ | পেমেন্ট রাশির 2%, ন্যূনতম টা. 450 সাপেক্ষ | পেমেন্ট রাশির 2%, ন্যূনতম টা. 450/- সাপেক্ষ |
| নগদ প্রক্রিয়াকরণ ফি | টা. 100/- (এইচডিএফসি ব্যাঙ্ক শাখা বা এটিএম-এ জমা করে করা সমস্ত কার্ড পেমেন্টের জন্য) | টা. 100/- (এইচডিএফসি ব্যাঙ্ক শাখা বা এটিএম-এ জমা করে করা সমস্ত কার্ড পেমেন্টের জন্য) |
| রিওয়ার্ড রিডেম্পশন ফি | প্রতি রিডেম্পশন অনুরোধের জন্য টা. 75/- – জেটপ্রিভিলেজ এইচডিএফসি ব্যাঙ্ক ওয়ার্ল্ড / জেটপ্রিভিলেজ এইচডিএফসি ব্যাঙ্ক ডাইনার্স ক্লাব ব্যতীত সমস্ত কার্ডের জন্য প্রযোজ্য | প্রতি রিডেম্পশন অনুরোধের জন্য টা.75/- – জেটপ্রিভিলেজ এইচডিএফসি ব্যাঙ্ক প্ল্যাটিনাম ও জেটপ্রিভিলেজ এইচডিএফসি ব্যাঙ্ক টাইটেনিয়ামের জন্য প্রযোজ্য নয় |
| ব্যালেন্স ট্রান্সফার প্রক্রিয়াকরণ চার্জ | বিক্রি রাশির 2% বা টা. 250/-, এর মধ্যে যেটি বেশি হবে | বিক্রি রাশির 2% বা টা. 250/-, এর মধ্যে যেটি বেশি হবে |
| পেট্রোল লেনদেনের সারচার্জ<br>(ন্যূনতম টা. 10/- সাপেক্ষ) | জেটপ্রিভিলেজ এইচডিএফসি ব্যাঙ্ক ডাইনার্স ক্লাব /'ইনফিনিয়া – প্রতি বিলিং চক্রের জন্য জ্বালানী সারচার্জ অব্যাহতির সর্বাধিক পরিমাণ টা. 1000/--এ সীমিত (এসটি প্রযোজ্য)। ডাইনার্স প্রিমিয়াম, জেট ওয়ার্ল্ড, রিগ্যালিয়া, ডাইনার্স রিওয়ার্ডজ, জেট প্ল্যাটিনাম, অলমাইলস, বিজনেস রিগ্যালিয়া, ডক্টর্স রিগ্যালিয়া, বিজনেস মানিব্যাক, বিজনেস প্ল্যাটিনাম, টাইমস প্ল্যাটিনাম – প্রতি বিলিং চক্রের জন্য জ্বালানী সারচার্জ অব্যাহতির সর্বাধিক পরিমাণ টা. 500–এ সীমিত (এসটি প্রযোজ্য)। অন্য সমস্ত কার্ড – প্রতি বিলিং চক্রের জন্য জ্বালানী সারচার্জ অব্যাহতির সর্বাধিক পরিমাণ টা. 250/--এ সীমিত (এসটি প্রযোজ্য)। (স্টেটমেন্ট পর্যায় পিএসডব্লিউ-র ওপর সর্বাধিক সীমা আরোপ 15ই অগাস্ট, 2014 থেকে কার্যকর আছে)। 15ই এপ্রিল 2016 থেকে কার্যকর আছে যে জ্বালানীর লেনদেনের জন্য রিওয়ার্ড পয়েন্ট / জেপিমাইলস সঞ্চয় করা যাবে না। জ্বালানী সারচার্জের ওপর ধার্য করা পরিষেবা কর ফেরত যোগ্য নয়। | অব্যাহতি দেওয়া হয় যদি লেনদেন নিম্নলিখিত পরিমাণের মধ্যে থাকে<br>a) রিগ্যালিয়া / বিজনেস রিগ্যালিয়া / ডক্টর্স রিগ্যালিয়ার জন্য টা. 400/- থেকে টা. 100000/-<br>b) অন্যান্য সমস্ত কার্ডের জন্য টা. 400 থেকে টা. 5000/-<br>15ই এপ্রিল 2016 থেকে কার্যকর আছে যে জ্বালানীর লেনদেনের জন্য রিওয়ার্ড পয়েন্ট / জেপিমাইলস সঞ্চয় করা যাবে না। জ্বালানী সারচার্জের ওপর ধার্য করা পরিষেবা কর ফেরত যোগ্য নয়। |
| রেলওয়ে টিকিট কেনার ফি | টা. 30/- + লেনদেন করা রাশির 2.5%। এইচডিএফসি ব্যাঙ্ক পেমেন্ট গেটওয়েতে : 1.8% + পরিষেবা কর।<br>অন্যান্য ব্যাঙ্কের পেমেন্ট গেটওয়েতে : আইআরসিটিসি ওয়েবসাইট অনুযায়ী হারে | |
| হারানো, চুরি যাওয়া বা ক্ষতিগ্রস্ত কার্ড আবার জারি করা | টা. 100/- | টা. 100/- |
| বাইরের (আউটস্টেশন) চেক প্রক্রিয়াকরণের চার্জ | টা. 5,000/- পর্যন্ত মূল্যের চেকের জন্য – ফি হবে টা. 25/-,<br>টা. 5,000/--এর বেশি মূল্যের চেকের জন্য – ফি হবে টা. 50/- | টা. 5,000/- পর্যন্ত মূল্যের চেকের জন্য – ফি হবে টা. 25/-,<br>টা. 5,000/--এর বেশি মূল্যের চেকের জন্য – ফি হবে টা. 50/- |
| বিদেশী মুদ্রার লেনদেন | ব্যাঙ্ক আন্তঃ-মুদ্রা লেনদেনের জন্য মূল্যের ওপর 3.5% চার্জ করে (রিগ্যালিয়া / বিজনেস রিগ্যালিয়া / ডক্টর্স রিগ্যালিয়া / জেটওয়ার্ল্ড / জেটপ্রিভিলেজ এইচডিএফসি ব্যাঙ্ক ডাইনার্স ক্লাব / ডাইনার্স ক্লাব প্রিমিয়ামের জন্য 2%) | ব্যাঙ্ক আন্তঃ-মুদ্রা লেনদেনের জন্য মূল্যের ওপর 3.5% চার্জ করে (3.0% ডাইনার্স ক্লাব রিওয়ার্ডজের জন্য) |
| পরিষেবা কর, স্বচ্ছ ভারত সেস এবং কৃষি কল্যাণ সেস | সমস্ত ফি, সুদ এবং অন্যান্য চার্জের ওপর প্রযোজ্য | সমস্ত ফি, সুদ এবং অন্যান্য চার্জের ওপর প্রযোজ্য |

## 24-ঘণ্টার গ্রাহক কল সেন্টার

আহমেদাবাদ / বেঙ্গালুরু / চেন্নাই / দিল্লী ও এনসিআর / হায়দ্রাবাদ / কোলকাতা / মুম্বাই / পুনে – 6160 6161

চণ্ডীগড় / কোচি / ইন্দোর / জয়পুর / লক্ষ্নৌ – 6160 616

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| অন্ধ্রপ্রদেশ | : 99494 93333 | মধ্যপ্রদেশ / ছত্তিসগড় | : 98936 03333 | রাজস্থান | : 98750 03333 | বিহার / ঝাড়খণ্ড / পাটনা | : 1860 266 6161 |
| আসাম | : 99571 93333 | মহারাষ্ট্র (মুম্বাই ব্যতীত) ও গোয়া | : 98906 03333 | তামিলনাডু / পন্ডিচেরী | : 98406 73333 | জম্মু ও কাশ্মীর / হিমাচল প্রদেশ (বিএসএনএল ল্যান্ডলাইন থেকে টোল-ফ্রি) | : 1800 103 9733 |
| গুজরাট | : 98982 71111 | ওড়িশা | : 99379 03333 | উত্তর প্রদেশ / উত্তরাখণ্ড | : 99359 03333 | মেঘালয় / ত্রিপুরা / নাগাল্যান্ড / মিজোরাম / অরুণাচল প্রদেশ / মনিপুর (বিএসএনএল ল্যান্ডলাইন থেকে টোল-ফ্রি) | : 1800 345 3333 |
| হরিয়ানা | : 99962 43333 | পাঞ্জাব | : 98153 31111 | পশ্চিমবঙ্গ / সিকিম / আন্দামান ও নিকোবর | : 98310 73333 | | |
| কর্ণাটক | : 99458 63333 | | | | | | |
| কেরালা | : 98956 63333 | | | | | | |

**নিম্নলিখিত স্থানগুলির জন্য টোল-ফ্রি নং. : 1800 425 4332**

আগ্রা / আজমের / এলাহাবাদ / বরেলি / ভুবনেশ্বর / বোকারো / কটক / ধানবাদ / দেরাদুন / ইরোদ / গুয়াহাটি / হিসার / জম্মু ও শ্রীনগর / জামশেদপুর / ঝাঁসি / যোধপুর / কার্নাল / কানপুর / মাদুরাই / ম্যাঙ্গালোর / মথুরা / মেরুট / মোরাদাবাদ / মুজাফফরপুর / মাইসোর / পালি / পাতিয়ালা / রাজকোট / রাঁচি / রাউরকেলা / সালেম / শিমলা / শিলিগুড়ি / সিলভাসা / সুরাট / ত্রিচি / উদয়পুর / বারানসী

আপনি যদি আমাদের পণ্য এবং পরিষেবা সংক্রান্ত কল পেতে না চান তাহলে অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট : www.hdfcbank.com-এ লগ অন করুন এবং নিজেকে আমাদের ডোন্ট কল রেজিস্ট্রেশন বিকল্পে নিবন্ধিত করুন। যে কার্ড অ্যাকাউন্টের সাম্প্রতিকতম তৈরি করা স্টেটমেন্টে বিলম্বে পেমেন্টের চার্জ ধার্য করা হবে সেটিকে নগদ প্রক্রিয়াকরণ ফি থেকে অব্যাহতি দেওয়া হবে।



HDFC BANK
We understand your world